## প্রতিদিনের বাংলাদেশ



জুলাই গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাবির চারুকলার শিল্পীরা চিত্রকলা ও ভাস্কর্য প্রদর্শনীর মাধ্যমে ফুটিয়ে তোলেন বিপ্লবের ইতিহাস ।প্রবা ফটো

# 'শোক ও বিজয়' শীর্ষক প্রদর্শনী শেষ হচ্ছে আজ

জুলাই গণঅভ্যুত্থান

প্রবা প্রতিবেদক

জুলাই গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে চারুকলা অনুষদের জয়নুল গ্যালারি ১ ও ২-এ চলছে চার দিনব্যাপী বিশেষ শিল্পকর্ম প্রদর্শনী। আজ শুক্রবার শেষ হবে 'জুলাই গণঅভ্যুত্থান : শোক ও বিজয়' শীর্ষক এই শিল্পকর্ম প্রদর্শনী।

প্রদর্শনীতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষক-শিক্ষার্থী এবং প্রাক্তন শিক্ষার্থীদের চিত্রকলা বা পেইন্টিং, ভাস্কর্য এবং ইনস্টলেশন মাধ্যমের ৭০ টারও বেশি কাজ প্রদর্শিত হচ্ছে। এ প্রদর্শনীর কিউরেটর ছিলেন চারুকলা অনুষদের শিল্পকলার ইতিহাস বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. শেখ মনির উদ্দিন এবং কো-কিউরেটর হিসেবে ভূমিকা পালন করেন একই বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় কুমার দে।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ জানান, জুলাই গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাবি আয়োজিত বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে গত ২২ জুলাই শুরু হয় ৪ দিনব্যাপী এই শিল্পকর্ম প্রদর্শনী। এ প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।